

# আলিম পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণের ফলাফল রবিবার

অনলাইন ডেঙ্ক



আলিম পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের  
তারিখ জানিয়েছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা  
বোর্ড। আগামী রবিবার ফলাফল প্রকাশ করা  
হবে।

মাদরাসা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড.  
মোহাম্মদ কামরুল আহসান স্বাক্ষরিত এক  
বিজ্ঞপ্তিতে বৃহস্পতিবার এ তথ্য জানানো  
হয়েছে।

এতে বলা হয়, আলিম পরীক্ষা-২০২৫-এর  
পুনঃনিরীক্ষণের ফলাফল আগামী ১৬ নভেম্বর  
(রবিবার) সকাল ১০টায় বাংলাদেশ মাদরাসা  
শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এ ছাড়াও পুনঃনিরীক্ষণের জন্য  
আবেদনকারীদের প্রদত্ত মোবাইল নাম্বারে  
এসএমএস-এর মাধ্যমে ফলাফল প্রেরণ করা  
হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের  
ওয়েবসাইট ([www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)) থেকে  
ফলাফল সংগ্রহ করার জন্য অনুরোধ করা  
হলো।